

## ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

চেয়ারম্যান : মোঃ সহীদুল ইসলাম মজনু  
মোবাইল : ০১৭১১-১৬০০২১অফিস : গোপালপুর, পোঃ ঈশানপুর  
উপজেলাঃ ফরিদপুর সদর, জেলা : ফরিদপুর।

স্মারক নং-ঈগোই-২০২৩/৫৯

তারিখঃ ০২/০৮/২০২৩

## ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই/২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সহীদুল ইসলাম মজনু  
স্থানঃ ইউপি সভাকক্ষ

তারিখঃ ২৪/০৭/২০২৩ ইং

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য  
অনুপস্থিত সদস্যঃ পরিশিষ্ট- খ দ্রষ্টব্য

## আলোচ্যসূচী:

- বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রম প্রসঙ্গে।
- বিবিধ।

অধ্যকার সভার সম্মানিত সভাপতি জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু চেয়ারম্যান ১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্যাবলী আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান যাহা অনুমোদিত হয়।

ক্রঃনং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্তসংস্থা/ব্যক্তি
১	আইন শৃঙ্খলা	সভায় সভাপতি সাহেব ঈশান গোপালপুর ইউনিয়নের আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উপস্থিত সকলের নিকট জানতে চায়। এক এক করে সকল ইউপি সদস্য তার এলাকার আইনশৃঙ্খলা ভাল বলে জানান। ০৯ নং ওয়ার্ডের সদস্য হিটলু খান জানান যে, তার এলাকায় গরু চুরি হচ্ছে। এ বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।	গ্রামে গ্রামে গ্রামপুলিশের পাহাড়া দেয়ার সিদ্ধান্ত হয়।	চেয়ারম্যান, ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশ।
২	শিক্ষা	সভায় জনাব একেএম ইউসুফ আলী প্রধান শিক্ষক, ঈশান ইনস্টিটিউশন উচ্চ বিদ্যালয় জানান যে তার বিদ্যালয়ের আসবাব পত্র সরবরাহ করার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ জানান। দুর্গাপুর ওমেদিয়া সঃপ্রাঃবিঃ ও ফতেপুর সঃপ্রাঃ বিঃ আসবাবপত্রের প্রয়োজন।	আগামীতে কোন বরাদ্দ পাওয়া গেলে ব্যবস্থা নেয়া হবে।	চেয়ারম্যান
৩	কৃষি	সভায় উপ-সহকারী কৃষিকর্মকর্তা,মোঃ ইলিয়াস হোসেন জানান যে এখন পাট কাটা ও পচানো প্রয়োজন কিন্তু বৃষ্টি কম থাকায় পাট পচানো অসুবিধা হচ্ছে।	নিয়মিত মাঠ পরিদর্শন করার জন্য ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ জানান হয়।	চেয়ারম্যান।
৪	স্বাস্থ্য	ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডা.চন্দ্রিমা দাস জানান যে ঈশান গোপালপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে এবং কমিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত ঔষধ সরবরাহ আছে। স্বাস্থ্যকেন্দ্রে আসবাবপত্রের প্রয়োজন। স্লিলিং ফ্যান সরবরাহ করা প্রয়োজন।	ঔষধ সরবরাহ থাকার কারণে রোগী ভাল সেবা পাচ্ছে। আগামীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে।	চেয়ারম্যান।

৫	জনস্বাস্থ্য	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের মেকানিক মোঃ শাহজাহান জানান যে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস হইতে অত্র ইউনিয়নে ১৩টি গভীর নলকূপ বরাদ্দ হয়েছে।	দ্রুত তালিকা করে নলকূপ গুলো স্থাপন করার ব্যবস্থা নিতে হবে।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ফরিদপুর সদর, ফরিদপুর।
৬	সমাজ সেবা	ইউনিয়ন সমাজ কর্মী শোভন দাস জানান যে সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে সকল ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করা হবে।	প্রতি ওয়াডে ওয়াডে ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করার জন্য অনুরোধ জানান হয়।	ইউপি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা অফিস।
৭	বিআরডিবি	বি,আর,ডি,বি বিভাগের কোন কর্মকর্তা উপস্থিত না থানায় কোন আলোচনা হয় নাই।	ইউপি উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান হয়।	উপজেলা বি,আর,ডি,বি কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।
৮	জন্ম ও মৃত্যু নিবন্ধন	ইউপি সচিব সাহেব জানান যে, সরকার ০১ দিন থেকে ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিনা ফিতে করার আইন করেছেন। এবং ০১ থেকে ০১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করার গুরুত্ব দিয়েছেন।	সকল ইউপি সদস্য গ্রামপুলিশ এবং স্বাস্থ্য কর্মীদের এ বিষয়ে এক সাথে কাজ করার অনুরোধ জানান।	চেয়ারম্যান
৯	বাল্য বিবাহ	সভায় চেয়ারম্যান, জনাব মোঃ সহীদুল ইসলাম মজনু সাহেব জানান যে, ঈশান গোপালপুর ইউনিয়নের বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ করা প্রয়োজন।	বাল্য বিবাহ ও নারী নির্যাতন যাতে না হয় সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	চেয়ারম্যান ও ইউপি সদস্যবৃন্দ।
১০	ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় খাল খনন প্রসংগে।	সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় এর আওতায় ফরিদপুর জেলার ফরিদপুর সদর উপজেলাধীন ০১ নং ঈশান গোপালপুর ইউনিয়নের ০১টি গুরুত্ব পূর্ণ খাল শুরু মৌসুমে শুকিয়ে যায়। যার ফলে কৃষি সহ মৎস্য চাষের অনেক সমস্যা হয়। খাল গুলো খনন করা হলে কৃষি (সেচ) সুবিধা হবে ফসল উৎপাদন বাড়বে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে। এলাকার মানুষের আর্থ সামাজিক উন্নয়ন ঘটবে। তাই খাল গুলো খনন করা জরুরী।	ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় তালমা ইউনিয়নের নিম্নোক্ত খাল গুলো খনন ও পূর্ণঃ খনন করা প্রয়োজন। ১। চরনশীপুর তারামিয়ার খালপাড় হতে নবুমল্লিকের পর্যন্ত খাল খনন ও পূর্ণঃ খনন।	উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)  
চেয়ারম্যান

১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ  
ফরিদপুর সদর, ফরিদপুর।  
তারিখঃ ০২/০৮/২০২৩

স্মারক নং-ঈগোই-২০২৩/ ৫৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

- ১। উপ-পরিচালক, (উপসচিব) স্থানীয় সরকার, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৩। অফিস নথি।

(মোঃ সহীদুল ইসলাম মজনু)  
চেয়ারম্যান

১নং ঈশান গোপালপুর ইউনিয়ন পরিষদ  
ফরিদপুর সদর, ফরিদপুর।